

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি অনুবিভাগ

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি	:	প্রদীপ রঞ্জন চক্রবর্তী অতিরিক্ত সচিব (অগ্নি) ও এপিএ টিম প্রধান
সভার তারিখ	:	২৯/৮/২০১৯
সময়	:	বেলা ১১.০০ মিনিট
স্থান	:	সভাপতির অফিস কক্ষ।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ কার্যক্রম আরম্ভ করেন। ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে বিভাগের প্রতিটি অনুবিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

৩১/৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। এপিএডুক্ত মাদক বিরোধী কার্যক্রম :

২০১৯-২০২০ অর্থবছরের এপিএ'তে মাদক বিরোধী কার্যক্রমের আওতায় ০৬টি কর্মসম্পাদন সূচক অন্তর্ভুক্ত করা হয়েছে। এগুলো হচ্ছে, এ্যানফোর্সমেন্ট কমিটির সভা আয়োজন, বিভাগ পর্যায়ে মাদকবিরোধী সমাবেশ আয়োজন, সুরক্ষা সেবা বিভাগে মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভা আয়োজন, কারাগারসমূহে পরিচারিত মাদকবিরোধী কার্যক্রম মূল্যায়ন, শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির কপিটির কার্যক্রম মূল্যায়ন, মাদকবিরোধী অভিযান পরিচালনা ইত্যাদি। এ সব সূচকের বিপরীতে ২০/০৮/২০১৯ তারিখ পর্যন্ত যে অগ্রগতি সাধিত হয়েছে তা হচ্ছে, এ্যানফোর্সমেন্ট কমিটির সভা ০১টি, বিভাগ পর্যায়ে সমাবেশ ০১টি, পরিবীক্ষণ সভা ০১টি, কারাগারের কার্যক্রম মূল্যায়ন ০২টি, শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম মূল্যায়ন ১০টি এবং মাদকবিরোধী অভিযান ৪১৯টি।

০৪। এপিএডুক্ত অগ্নি এবং অন্যান্য দুর্ঘটনার প্রতিকার সংক্রান্ত কার্যক্রম :

ফায়ার সার্ভিস সংশ্লিষ্ট ০২টি কার্যক্রম এর সময়াবদ্ধ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। এগুলো হচ্ছে জনবল কাঠামো পুনর্গঠন এবং ফায়ার সার্ভিসের নিয়োগ বিধিমালা সংশোধনের প্রস্তাব ০১/১০/২০১৯ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। নির্ধারিত তারিখে উক্ত ০২টি প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে সভাকে জানানো হয়।

০৫। এপিএডুক্ত ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কার্যক্রম :

২০১৯-২০২০ অর্থবছরে আঞ্চলিক পাসপোর্ট অফিসের পাসপোর্ট ইস্যু কার্যক্রম পরিদর্শন ৩০টি, মিশনের পদ সৃজনের পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ-৩১/১২/২০১৯, ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম আরম্ভ করা-২৯/০৮/২০১৯, ভিসা নীতিমালার খসড়া প্রণয়ন-৩১/১২/২০১৯ সংক্রান্ত কার্যক্রম এপিএ'তে অন্তর্ভুক্ত করা হয়েছে। এগুলোর মধ্যে ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম যথাসময়ে আরম্ভ করা হয়েছে।

০৬। এপিএডুক্ত কারা অধিদপ্তরের কার্যক্রম :

কারা অধিদপ্তরের কার্যক্রমের মধ্যে রয়েছে প্যারালিগাল সার্ভিস কার্যক্রম মূল্যায়ন ২৮টি, লিগ্যাল এইড কমিটির কার্যক্রম মূল্যায়ন ৪০টি, প্রিজন লিংক কার্যক্রমের উপকারভোগীদের সাক্ষাৎকার গ্রহণ ১৫ জন, কারাবন্দিদের প্রদানকৃত প্রশিক্ষণ কার্যক্রম মূল্যায়ন-২৩ কারাগার, উৎপাদিত পণ্যের লভ্যাংশ কারাবন্দিদের প্রদান-৪২০০ জন ইত্যাদি। এ সব কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে বলে সভায় আলোচনা হয়।

(অপর পৃষ্ঠা সদয় দৃষ্টব্য)

(পূর্ব পৃষ্ঠার পর)

০৭। সুরক্ষা সেবা বিভাগের কার্যক্রম :

সুরক্ষা সেবা বিভাগের কার্যক্রমের মধ্যে রয়েছে মাঠ পর্যায়ে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা আয়োজন- ০৬টি। ইতোমধ্যে এ জাতীয় ০১টি সভা করা হয়েছে বলে সভাকে জানানো হয়।

০৮। এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে যথাযথভাবে দায়িত্ব পালনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। বছর শেষে এ সব লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে। এ জন্য উক্ত কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সর্বোচ্চ নম্বরের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়।

০৯। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(স্বাক্ষরিত/-)
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (অফি)
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭-

তারিখ : ১৪ ভাদ্র ১৪২৬
২৯ আগস্ট ২০১৯

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
- ০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২৯/৮/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব